

শাবিতে ছাত্রলীগ দু'গ্রুপে সংঘর্ষ : আহত ৭

বর্তিনিধি, শাবি

শাহজালাল বিশ্ববিদ্যালয়ে (শাবিতে) পূর্বপাকিস্তানের জের ধরে ছাত্রলীগের দুই গ্রুপ দফায় দফায় সংঘর্ষে ৭ জন আহত হয়েছে। ছাত্রলীগের রাজু গ্রুপ ও আরিফ মলয় গ্রুপের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে আরিফ মলয় গ্রুপের আনসারুল ও মোশাররফ হোসেন (সমাজকর্ম ২/২) আহত হয়। পরে আরিফ মলয় গ্রুপের প্রতিশোধমূলক হামলায় ওরুতর আহত হয় আবিদ (এফটিটি ২/২), হাফিজ (রসায়ন ২/২), সামিউল (পিএসএস ২/২), অডি (পিএসএস ৩/২) ও সোহাগ (গণিত ২/২)। ওরুতর আহত ছাত্রলীগ নেতা আবিদকে নিশেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার অবস্থা আশঙ্কাজনক। বাকিদের বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। সংঘর্ষ চলাকালে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে প্রক্টর প্রফেসর ড. গোলাম আলী হায়দার চৌধুরী পুলিশ নিয়ে অভিযান চালিয়ে আরিফ-মলয় গ্রুপকে ক্যাম্পাস ছাড়া করেন। তবে শেষ খবর পাওয়া পর্যন্ত এ ঘটনায় কোন মামলা হয়নি এবং কেউ গ্রেফতারও হয়নি। প্রক্টরিয়াল কমিটি এ ব্যাপারে তদন্ত কমিটির গঠন করার জন্য

প্রশাসনকে জানিয়েছেন। জানা যায়, ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান রাজুর ওপর হামলার প্রতিশোধ নিতে রাজু গ্রুপের নেতাকর্মীরা আরিফ-মলয় গ্রুপের নেতাকর্মীদের বৃহস্পতিবার সকালে বুকে বেড়ায় এবং কথা কাটাকাটির জের ধরে দুপুর ১২টায় আরিফ-মলয় গ্রুপের আনসারুল ও মোশাররফকে মারধর করে। এ নিয়ে প্রক্টরিয়াল কমিটি বিচারে রাজু গ্রুপের কর্মী সামিউল বশির, হাফিজুর রহমান, রাজীব তালুকদার, সোহাগ ও আবিদকে শেকস্ত এবং তিন কার্ষ দিবসের মধ্যে ৫শ টাকা জরিমানা করে।

সংঘর্ষ : ৭ : ২ ক : ৪

সংঘর্ষ : দু'গ্রুপে

(১২ পৃষ্ঠার পর)

বিচারের পর প্রক্টর অফিসে রাজু গ্রুপের ১০ নেতাকর্মীরা নিরাপত্তা চেয়ে আবেদন করার পাঁচ মিনিটের মধ্যে দুপুর ২টায় আরিফ-মলয় গ্রুপের উত্তম ও ভাই রাজুর নেতৃত্বে আরিফ, মলয়, রাকিব, ভাই রাজু, উত্তম, হিরক, আনসার এবং মোশাররফ রক্ত্রু গ্রুপের আবিদ, হাফিজ, অডি, সামিউল ও সোহাগের ওপর হামলা চালায়। হামলার পর ছাত্রলীগের রাজু গ্রুপের নেতাকর্মীরা হামলাকারীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার এবং ক্যাম্পাসে তাদের নিরাপত্তা চেয়ে ভিনি করা বর স্মারকশিপি দিয়েছেন।

এ ব্যাপারে শাবি ভিনি প্রফেসর ড. এম আমিনুল ইসলামকে ফোন করলে তাকে পাওয়া যায়নি।